

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

স্মরণীয়
Ref. No.....

মহিলা কমিশন আয়োজিত

সভায় তীব্র মতভেদ, বাকবিতণ্ডা

স্বাক্ষর প্রতিনিধি, খোয়াই, ৩০ মে ১১।
ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে
মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে
অপরাধ সম্পর্কে অনুষ্ঠিত হলো
সচেতনতা সভা। মঙ্গলবার দুপুর
বারোটা নাগাদ ত্রিপুরা রাজ্য মহিলা

কনফারেন্স হলে মহিলা এবং কন্যা
সন্তানদের বিরুদ্ধে ঘটে চলা
অপরাধের বিরুদ্ধে আয়োজিত
সচেতনতা শিবিরে বক্তব্য রাখতে
গিয়ে চেয়ারম্যান বলেন, সমাজে
বিভিন্ন ধরনের অপরাধের মধ্যে কন্যা

ডিএসপি সূতপা দে, বক্তব্য রাখেন
সি ডব্লিউ সি কমিটির সদস্য সুভাষচন্দ্র
ঘোষ। এই তিনজনের বক্তব্যের
মধ্যেই অনেক ফারাক খুঁজে পান
চেয়ারম্যান। পুলিশ এবং অতিরিক্ত
জেলা শাসকের বক্তব্যে নাবালিকা
বিবাহের কোন তথ্য খোয়াই জেলায়
নেই। কিন্তু সি ডব্লিউ সি কমিটির
সদস্য সুভাষ ঘোষ পরিষ্কার ভাষায়
বলেন, গত দুই বছরে এই খোয়াই
জেলায় নাবালিকা বিবাহের সংখ্যা
২৬টি। তারপরেই প্রশ্ন উঠে কেন
এইসব ক্ষেত্রে পুলিশে অভিযোগ
জানানো হলো না। এ নিয়েই শুরু
হয় সভার মধ্যে বিতর্ক। শুরু হয়ে
যায় আইনি ব্যাখ্যা। এই আইনি
ব্যাখ্যার মধ্যে বক্তব্য রাখেন
আইনজীবী অভিজিৎ ভট্টাচার্য, ননী
গোপাল দেবনাথ ও বিকাশ দেব।
আইনজীবীদের বক্তব্যের মধ্যেই
শুরু হয়ে যায় আরো বিতর্ক।
কিছুক্ষণের জন্য সভা উত্তপ্ত হয়ে
ওঠে। সবশেষে সমস্ত আইনকে
মাথায় রেখে সবাই একযোগে কাজ
করে মহিলাদের স্বাধীনতা ও
নাবালিকা বিবাহ আটকাতে
প্রয়োজনীয় সব রকম ব্যবস্থা গ্রহণ
করা হবে বলে অভিমত ব্যক্ত
করেন। এই সচেতনতা সভায় আরো
যে বিষয়টি উল্লেখযোগ্যভাবে
আলোচনা হয়েছে তা হলো মোবাইল
নিয়ন্ত্রণ। কিভাবে মোবাইলের মাধ্যমে
সমাজে অপরাধ বাড়ছে। আজকের
সভায় উপস্থিত একাধিক সদস্য
মোবাইল ও ইন্টারনেট পরিষেবা
এবং মেসেজের মধ্যে একটা অংশের
কুরচিকর পোশাক নিয়েও দীর্ঘ
আলোচনা হয়।



কমিশনের উদ্যোগে খোয়াই জেলা
শাসকের কনফারেন্স হলে মহিলা
এবং কন্যা সন্তানদের বিরুদ্ধে ঘটে
চলা অপরাধের বিরুদ্ধে আয়োজিত
এদিনের এই সচেতনতা শিবির প্রদীপ
জ্বালিয়ে শুভ উদ্বোধন করেন ত্রিপুরা
রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন
বর্ণালী গোস্বামী। এছাড়াও এই
সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন
ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের ভাইস
চেয়ারপার্সন অমিতা বণিক, খোয়াই
জেলার অতিরিক্ত জেলাশাসক
সুভাষচন্দ্র সাহা, খোয়াই জেলা
পরিষদের সভাপতি জয়দেব
দেববর্মা, সহ-সভাপতি হরিশংকর
পাল, খোয়াই পৌর পরিষদের
চেয়ারপার্সন দেবশিশি নাথ শর্মা সহ
অন্যান্য বিশিষ্ট অতিথিরা। এদিন
ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের
উদ্যোগে খোয়াই জেলা শাসকের

সন্তানদের বিরুদ্ধে অপরাধও একটি।
ত্রিপুরা রাজ্য মহিলাদের সমস্ত রকম
আইনি সহায়তার কেন্দ্র হচ্ছে ত্রিপুরা
রাজ্য মহিলা কমিশন। মহিলাদের
বিরুদ্ধে এবং কন্যা সন্তানদের বিরুদ্ধে
ঘটে চলা বিভিন্ন অপরাধগুলি শূন্যের
কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে
অবিরাম কাজ করে চলেছে ত্রিপুরা
রাজ্য মহিলা কমিশন। এদিন পুলিশ
প্রশাসনের পাশাপাশি, ভূয়সি প্রশংসা
করে চেয়ারপার্সন বলেন, পুলিশ বা
প্রশাসনের কাছ থেকে খবর পাওয়ার
আগে আমরা সংবাদ মাধ্যমের কাছ
থেকে অনেক মহিলা সংক্রান্ত খবর
পেয়ে যাই। কলেজ স্তরের
ছাত্র-ছাত্রীদের নিয়ে আসা হয় এই
সচেতনতা সভায়। চেয়ারম্যান বর্ণালী
গোস্বামীর বক্তব্যের পর বক্তব্য
রাখেন অতিরিক্ত জেলাশাসক
সুভাষচন্দ্র সাহা, পুলিশের পক্ষে

31-5-23

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

31-5-23

১৬/৫/২৩
Ref. ১

মহিলা কমিশনের সচেতনতা সভা

সত্যভাষণ প্রতিনিধি খোয়াই, ৩০ মে।। সমাজে মহিলা ও কন্যা সন্তানের উপর অপরাধ নতুন কিছু নয়। সময়ের পরিবর্তনের পাশাপাশি অপরাধের ধরন ও পাল্টিয়েছে। ডোমেস্টিক ভায়োলেন্সের জন্য রয়েছে পুলিশ ব্যবস্থা, রয়েছে মালত, সর্বোপরি বিচার ব্যবস্থা। এখনো কোথাও যদি মহিলা ও কন্যা সন্তান উপর অপরাধ সংগঠিত হয় বা হয় মহিলা অথবা শিশুকন্যা নির্যাতনের শিকার হয় তখন সে নির্যাতিতা সর্বপ্রথম পুলিশের দরস্ত হয়। তথাপি এই ক্ষেত্রে সংবাদ মাধ্যমের একটা বিশেষ গুরুত্ব রয়েছে। কারণ আমরা প্রথম সংবাদপত্রের মাধ্যমেই জানতে পারি কোথায় কোন মহিলা নির্যাতনের শিকার হয়েছে। তাই এসব অপরাধ দমনে সংবাদপত্র একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তিনি বলেন বিচার ব্যবস্থার উপর সম্পূর্ণ আস্থা রয়েছে। তারপরও সমাজের প্রতি মহিলা কমিশনের কিছু দায়িত্ব রয়েছে। এই ধরনের অপরাধ ক্রিভাবে হ্রাস করা যায় তার উদ্যোগ চলছে। মঙ্গলবার খোয়াইয়ের জেলা শাসকের কনফারেন্স হলে ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আয়োজিত মহিলা ও কন্যা সন্তানের

বিবর্তন অপরাধ সংক্রান্ত এক সচেতনতা সভায় নিজের অভিমত এইভাবেই ব্যক্ত করেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামী। শুরুতেই প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন চেয়ারপারসন বর্ণালী গোস্বামী। এই দিনের সচেতনতা সভায় বর্ণালী গোস্বামী ছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের ভাইস চেয়ারপারসন অমিতা বনিক, সদস্য ডালিয়া সিনহা, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষচন্দ্র সাহা, খোয়াই পুর পরিষদের চেয়ারপারসন দেবীশিস নাথ শর্মা, খোয়াই জেলা পরিষদের সহসভাপতি হৃদিশংকর পাল, জেলা পরিষদের সদস্য সদস্যগণ,

আইসিডিএস এর সিডিপিওগন, সুপারভাইজার এবং অঙ্গনওয়াড়ি কর্মীগণ এবং খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ ও ছাত্র-ছাত্রীরা, জেলার বিভিন্ন থানার পুলিশ আধিকারিক সহ আইনজীবীগণ। এদিন আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মহিলা কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামী বলেন ভারতে একটি সমীক্ষায় দেখা গেছে ৭৫শতাংশ মহিলা ডোমেস্টিক ভায়োলেন্স এর শিকার। এবং অধিকাংশ ঘটনাই আত্মসম্মান এবং লোকলজ্জার ভয়ে চাপা পড়ে যায়। তাতে অপরাধ আরো বেড়ে যাচ্ছে। ২৫ বছর পূর্বে আমরা লক্ষ্য করতাম কোন ছাত্রী যখন স্কুলে যেত তখন রাস্তার পাশে

দাঁড়িয়ে কিংবা ছাত্রীর পিছনে ধাওয়া করে কোন পুরুষ তাকে নানাহ ভাবে উত্তর করত। এটাও একটা নারী সংক্রান্ত অপরাধ। কিন্তু সময়ের পরিবর্তনের সাথে সাথে অপরাধের ধরনও পাল্টিয়েছে। মোবাইলে ছবি তুলে কোন মহিলা বা কন্যা সন্তানের ছবি আপলোড করে ফেসবুক, ইউটিউব কিংবা instagram এ ছেড়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ সাইবার ক্রাইম এটা মারাত্মক আকার ধারণ করেছে। এই ধরনের অপরাধ থেকে মহিলা এবং কন্যা সন্তানদের রক্ষা করতে সমাজের সবল স্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। এদিনের সচেতনতা সভায় পুলিশ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ নিজ নিজের অভিমত ব্যক্ত করেন।



Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

জি.এ.এ.
Ref. No.....

মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কিত বিষয়ে খোয়াইয়ে সচেতনতা সভা

31-5-23

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মে।। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আজ খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কিত বিষয়ক এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। প্রদীপ জেলে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। উদ্বোধক হিসেবে চেয়ারপার্সন শ্রীমতি গোস্বামী বক্তব্য রাখতে গিয়ে বলেন, মহিলাদের অধিকার সুনিশ্চিত করতে সরকার ও রাজ্যের মহিলা কমিশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নারী সংক্রান্ত অপরাধ সম্পর্কে সচেতন হতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। সচেতনতা সভায় খোয়াই জিলা পরিষদের সভাপতি ভগদেব দেববর্মা বাল্য বিবাহ, কন্যা ভ্রণ হত্যা সহ নারী গঠিত বিভিন্ন অপরাধ সম্পর্কে সচেতন হতে এবং নেশামুক্ত সুস্থ সমাজ গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

সভায় খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা মহিলা গঠিত অপরাধ সম্পর্কে সকলকে সচেতন হওয়ার সাথে সাথে অপরাধমুক্ত সুন্দর সমাজ গঠন করতে সকলের প্রতি অনুরোধ জানান। সভায় অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা স্বসহায়ক দলগুলির সাথে মহিলা কমিশনকে যুক্ত করে মহিলা সংক্রান্ত অপরাধ নিরসনে বিশেষ উদ্যোগ নিতে তিনি আহ্বান জানান। সভায় মহিলা কমিশনের ভাইস চেয়ারপার্সন অমিতা বণিক বাল্যবিবাহ, মানব পাচার, পারিবারিক হিংসার মত বিষয় ও আইনী দিকগুলি নিয়ে সবিস্তারে আলোচনা করেন। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি হরিশঙ্কর পাল, দশরথদেব মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ বি সি দাস, জিলা পরিষদের সদস্য সত্যেন্দ্র দাস, উত্তম অধিকারী, রতি সরকার, জলি বর্মণ, খোয়াই বার অ্যাসোসিয়েশনের সভাপতি ননীগোপাল দেবনাথ প্রমুখ।